আজকের কাগজ

তারিখ 09 DEC 1992
পৃষ্ঠা ২ কলাম ৫

42

# সর্বদলীয় ছাত্রঐক্যের সাবেক নেতাদের আহবান

**কাগজ প্রতিবেদক :** ডাকসু ও সর্বদলীয় ছাত্রঐক্যের সাবেক নেতারা ভারতে বাবরী মসজিদ ভেঙে ফেলায় তীব্র নিন্দা ও প্রতিবাদ করে মসজিদটি পুনঃনির্মাণের জোর দাবি জানিয়েছেন। নেতারা এ ঘটনাকে কেন্দ্র করে দেশের অভ্যন্তরে যাতে স্বার্থান্বেষী মহল কোনো নাশকতামূলক বা নৈরাজ্যকর পরিস্থিতি সৃষ্টি করতে না পারে সেদিকে লক্ষ্য রেখে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার আহবান জানিয়েছেন। বিবৃতিদানকারী নেতারা হলেন আমান উল্লাহ আমান, হাবিবুর রহমান হাবিব, নাজমুল হক প্রধান, জহির উদ্দিন স্বপন, ফয়জুল হাকিম লীলা, নাজিম উদ্দিন আলম, ফজলুল হক মিলন, বজলুর রশিদ ফিরোজ, সাইফুদ্দিন আহমেদ মনি, মোখলেছুর রহমান, মোশাররফ হোসেন, লুৎফর রহমান, আসাদুর রহমান আজাদ, সুশান্ত মিশ্র, জাহিদ ইকবাল খান, সজাউদ্দিন জাফর, মইন উদ্দিন মইন।